গত ০৫-০৪-২০১৮খ্রিঃ রোজ-বৃহস্পতিবার সকাল ১১.০০ ঘটিকায় ডিএমপি সদর দপ্তর সম্মেলন কক্ষে (৩য় তলা) অনুষ্ঠিত ঢাকা মহানগরীর রমনা/লালবাগ/মতিঝিল/ওয়ারী/মিরপুর/গুলশান/তেজগাঁও/উত্তরা বিভাগের মার্চ, ২০১৮খ্রিঃ মাসে রুজুকৃত খুন, ডাকাতি, দস্যুতা, অপহরণ ও গণধর্ষণ মামলাসমূহের অগ্রগতি পর্যালোচনা সংক্রান্তে মনিটরিং সেলের সভার কার্যবিবরণী ঃ

সভাপতি ঃ অতিরিক্ত পুলিশ কমিশনার (ক্রাইম এন্ড অপস্)
ঢাকা মেট্রোপলিটন পুলিশ, ঢাকা।

তারিখ ঃ ০৫-০৪-২০১৮ খ্রিঃ ।

সময় ঃ সকাল ১১.০০ ঘটিকা।

স্থান ঃ ডিএমপি সদর দপ্তর সম্মেলন কক্ষ (৩য় তলা)।

সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দের নামের তালিকা (জেষ্ঠ্যতার ক্রমানুসারে) ঃ

১.	জনাব কৃষ্ণ পদ রায় বিপিএম, পিপিএম (বার), অতিরিক্ত-পুলিশ কমিশনার (ক্রাইম এন্ড অপস্) ।
২.	জনাব শেখ নাজমুল আলম বিপিএম(বার),পিপিএম(বার), যুগ্ম-পুলিশ কমিশনার (ক্রাইম)
৩.	জনাব মোঃ জামিল হাসান পিপিএম, উপ-পুলিশ কমিশনার (গোয়েন্দা-দক্ষিণ)
৪.	জনাব মুনতাসিরুল ইসলাম, উপ-পুলিশ কমিশনার (ক্রাইম)
৫.	জনাব মীর মোদ্দাছ্ছের হোসেন, উপ-পুলিশ কমিশনার (সিরিয়াস ক্রাইম এন্ড ইনভেস্টিগেশন)
৬.	জনাব খোন্দকার নূরন্নবী , পিপিএম (সেবা), উপ-পুলিশ কমিশনার (গোয়েন্দা–পূর্ব)
৭.	জনাব মোহাম্মদ মোখলেছুর রহমান পিপিএম (সেবা), উপ-পুলিশ কমিশনার (গোয়েন্দা–পশ্চিম)
৮.	জনাব মশিউর রহমান, বিপিএম, পিপিএম, উপ-পুলিশ কমিশনার গোয়েন্দা উত্তর)
৯.	জনাব রুবাইয়াত জামান, অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার (ক্রাইম) ।
১০.	জনাব এবি এম জাকির হোসেন, সিনিয়র এসি (পল্লবী জোন) । এডিসি পদে পদোন্নতি প্রাপ্ত ।
১১.	জনাব ইশতিয়াক হাসান আমীন, সিনিয়র এসি (ক্রাইম-১)
১২.	জনাব মোঃ আশরাফুল করিম, এসি (বাড্ডা জোন) ।
১৩.	জনাব মোঃ জাহাঙ্গীর আলম, এসি (দারুসসালাম জোন) ।
১৪.	জনাব নাদিয়া জুঁই, এসি (খিলগাঁও জোন) ।
১৫.	জনাব আবু তৈয়ব মোঃ আরিফ হোসেন এসি (তেজগাঁও জোন) ।
১৬.	জনাব মোঃ কামরুজ্জামান, এসি (উত্তরা জোন) ।
১৭.	জনাব মোহাম্মদ মহিদুর রহমান, এসি (সবুজবাগ জোন) ।
১৮.	জনাব মোঃ মিজানুর রহমান এসি (দক্ষিণখান জোন) ।
১৯.	জনাব মৃত্যুঞ্জয় দে সজল, এসি (মোহাম্মদপুর জোন) ।
২০.	জনাব শামসুল আরেফীন, এসি (ডিবি-দক্ষিণ)
২১.	জনাব মোঃ ইহসানুল ফিরদাউস, এসি (রমনা জোন) ।
২২.	জনাব সাজ্জাদ ইবনে রায়হান, বিপিএম-সেবা, এসি (নিউমার্কেট জোন)
২৩.	জনাব মোঃ বদরুল হাসান, এসি (কোতয়ালী জোন) ।
২৪.	জনাব মোঃ আহসান খান, এসি (ধানমন্ডি জোন) ।
২৫.	জনাব ইফতেখায়রুল ইসলাম পিপিএম-সেবা, এসি (ডেমরা জোন) ।
২৬.	জনাব মোঃ সামসুজ্জামান, এসি (ওয়ারী জোন) ।
২৭.	জনাব মোঃ রফিকুল ইসলাম পিপিএম (সেবা), এসি (গুলশান জোন) ।
২৮.	জনাব কে এম শহিদুল ইসলাম সোহাগ, এসি (ডিবি-পশ্চিম) ।

এছাড়াও সভায় সংশ্লিষ্ট থানার পুলিশ পরিদর্শক (তদন্ত) ও মামলার তদন্তকারী কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন । সভায় উপস্থিত সংশ্লিষ্ট সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয় । সভার শুরুতে মামলার সুষ্ঠু তদন্ত নিশ্চিত করার উপর গুরুত্বারোপ করা হয় । আলোচিতব্য প্রতিটি মামলার তদন্তকারী অফিসারকে বিস্তারিত জিজ্ঞাসাবাদ করে প্রয়োজনীয় দিক-নির্দেশনা প্রদান করা হয় ।

১। শাহবাগ থানার মামলা নং ০৮,তাং ০৪/০৩/১৮খ্রিঃ ধারাঃ ৩০২/৩৪ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে তদন্তকারী কর্মকর্তা জানান যে, অত্র মামলাটি কোর্টের নির্দেশে রুজুকৃত মামলা ।প্রাথমিক তদন্তে ভিকটিম আত্মহত্যা করেছে বলে মনে হয় । ময়নাতদন্ত রিপোর্ট পাওয়া গেলে প্রকৃত রহস্য জানা সম্ভব হবে ।

সিদ্ধান্ত ঃ (১) ময়নাতদন্ত রিপোর্ট প্রাপ্তি সাপেক্ষে পরবর্তী ব্যবস্থা গ্রহণ করার নির্দেশ প্রদান করা হয়।
(২) মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিষ্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয় ।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, টিম লিডার ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

২। ধানমন্ডি থানার মামলা নং ১৫, তাং ১৪/০৩/১৮খ্রিঃ ধারাঃ ৩২৮/৩০২/৩৪ পিসি।

[**আলোচনা** ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে পুলিশ পরিদর্শক (তদন্ত) জানান যে, অত্র মামলার ভিকটিম প্রেমঘটিত কারণে বিষ জাতীয় কোন দ্রব্য পান করে আত্মহত্যা করেছে বলে প্রাথমিক তদন্তে প্রতিয়মান হচ্ছে। ময়নাতদন্ত রিপোর্ট ও ভিসেরা রিপোর্ট পাওয়া গেলে প্রকৃত রহস্য জানা সম্ভব হবে।

সিদ্ধান্ত ঃ (১) ময়নাতদন্ত রিপোর্ট প্রাপ্তি সাপেক্ষে পরবর্তী ব্যবস্থা গ্রহণ করার নির্দেশ প্রদান করা হয়।
(২) মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিস্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয় ।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

৩। লালবাগ থানার মামলা নং ০১, তাং ০১/০৩/১৮খ্রিঃ ধারাঃ ৩০২/৩৪ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে তদন্তকারী কর্মকর্তা জানান যে, অত্র মামলাটি বাবা ও ভাই কর্তৃক মাদকাসক্ত ভিকটিমকে চাকু দ্বারা আঘাত করে হত্যার ঘটনা। ঘটনায় জড়িত এজাহারনামীয় ০১ জন আসামী (ভিকটিমের ছোট ভাই) গ্রেফতার করা হয়েছে।

সিদ্ধান্ত ঃ (১) শুধুমাত্র ভিকটিমকে চাকু দ্বারা আঘাতকারী ভিকটিমের পিতাকে চার্জশিটভূক্ত করার নির্দেশ প্রদান করা হয়।
(২) মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিস্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয় ।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

৪। কোতয়ালী থানার মামলা নং ০২, তাং ০১/০৩/১৮খ্রিঃ ধারাঃ ৩০২/১০৯/৩৪ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে তদন্তকারী কর্মকর্তা জানান যে, প্রেমঘটিত দন্দের জেরে অত্র হত্যাকান্ডটি সংঘটিত হয়। ঘটনায় জড়িত ০৯ জন আসামীকে গ্রেফতার করা হয়েছে। তন্মধ্যে ০৫ জন আসামী বিজ্ঞ আদালতে ফৌঃ কাঃ বিঃ-১৬৪ ধারা মোতাবেক স্বীকারোক্তিমূলক জবানবন্দি প্রদান করেছে। প্রত্যক্ষদর্শী ০২ জন সাক্ষীর জবানবন্দি ফৌঃ কাঃ বিঃ-১৬৪ ধারা মোতাবেক লিপিবদ্ধ করানো হয়েছে।

সিদ্ধান্ত ঃ (১) মূল পরিকল্পনাকারী পলাতক আসামী ইমনকে দ্রুত গ্রেফতার করার নির্দেশ প্রদান করা হয়।
(২) মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিস্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয় ।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

৫। যাত্রাবাড়ী থানার মামলা নং ০২, তাং ০১/০৩/১৮খ্রিঃ ধারাঃ ১৪৩/৩২৩/৩২৪/৩২৫/৩২৬/৩০২/৩৪ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে তদন্তকারী কর্মকর্তা জানান যে, প্রেমঘটিত দ্বন্দ্বের জেরে অত্র হত্যাকান্ডটি সংঘটিত হয়। ঘটনায় জড়িত ০৯ জন আসামীর মধ্যে ০৬ জন আসামীকে গ্রেফতার করা হয়েছে। তন্মধ্যে ০২ জন আসামী বিজ্ঞ আদালতে ফৌঃ কাঃ বিঃ-১৬৪ ধারা মোতাবেক স্বীকারোক্তিমূলক জবানবন্দি প্রদান করেছে। প্রত্যক্ষদর্শী ০২ জন সাক্ষীর জবানবন্দি ফৌঃ কাঃ বিঃ-১৬৪ ধারা মোতাবেক লিপিবদ্ধ করানো হয়েছে।

সিদ্ধান্ত ঃ (১) আহত অন্যান্য ভিকটিমদের জবানবন্দি ফৌঃ কাঃ বিঃ-১৬৪ ধারা মোতাবেক লিপিবদ্ধ করানোর **নির্দেশ প্রদান করা হয়।**
(২) মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিস্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয় ।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

৬। যাত্রাবাড়ী থানার মামলা নং ৩৮, তাং ০৯/০৩/১৮খ্রিঃ ধারাঃ ৩০২/২০১/৩৪ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে উপ-পুলিশ কমিশনার (ডিবি-পূর্ব) জানান যে, অত্র মামলাটি অজ্ঞাতনামা আসামী কর্তৃক ভিকটিমকে হাত-পা বেধে মুখে স্কচটেপ পেঁচিয়ে শ্বাসরোধ করে হত্যার ঘটনা। ঘটনায় জড়িত ০২ জন আসামীকে গ্রেফতার করা হয়েছে। ০২ জনই বিজ্ঞ আদালতে ফৌঃ কাঃ বিঃ-১৬৪ ধারা মোতাবেক স্বীকারোক্তিমূলক জবানবন্দি প্রদান করেছে। আসামীদের ব্যবহৃত মোটরসাইকেলটি জব্দ করা হয়েছে। চুরি যাওয়া ল্যাপটপ উদ্ধার করা হয়েছ।

সিদ্ধান্ত ঃ (১) মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিস্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয় ।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, টিম লিডার ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

৭। যাত্রাবাড়ী থানার মামলা নং ৯৬, তাং ২৩/০৩/১৮খ্রিঃ ধারাঃ ৩০২/৩৪/২০১ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে জোনাল এসি জানান যে, অত্র মামলাটি পূর্ব শক্রতার জের ধরে ভিকটিমকে গলা চেপে শ্বাসরোধ করে হত্যার ঘটনা। মামলার ঘটনায় জড়িত ০১ জন আসামীকে গ্রেফতার করা হয়েছে। সে বিজ্ঞ আদালতে ফৌঃ কাঃ বিঃ-১৬৪ ধারা মোতাবেক স্বীকারোক্তিমূলক জবানবন্দি প্রদান করেছে।

সিদ্ধান্ত ঃ (১) মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিস্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয় ।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

৮। গেন্ডারিয়া থানার মামলা নং ২৬, তাং ২০/০৩/১৮খ্রিঃ ধারাঃ ৩০২ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে তদন্তকারী অফিসার জানান যে, অত্র মামলাটি তর্ক বিতর্কের এক পর্যায়ে এজাহারনামীয় আসামী কর্তৃক ভিকটিমকে ঘুষি মেরে হত্যার ঘটনা। মূল আসামীকে গ্রেফতার করা হয়েছে।সে বিজ্ঞ আদালতে ফৌঃ কাঃ বিঃ-১৬৪ ধারা মোতাবেক স্বীকারোক্তিমূলক জবানবন্দি প্রদান করেছে।

সিদ্ধান্ত ঃ **(১) ময়না তদন্ত রিপোর্ট প্রাপ্তি সাপেক্ষে মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিস্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয়।**

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

৯। তেজগাঁও থানার মামলা নং ১২, তাং ০৮/০৩/১৮খ্রিঃ ধারাঃ ৩৯৪/৩০২ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে তদন্তকারী কর্মকর্তা জানান যে, বাসা ভাড়া নেওয়ার কথা বলে বাড়ীওয়ালাকে ডেকে হত্যার ঘটনা। মামলা তদন্তে উল্লেখযোগ্য কোন অগ্রগতি নেই। মামলাটি ডিবিতে হস্তান্তর হয়েছে।

সিদ্ধান্ত ঃ **(১) ঘটনার মূল রহস্য উদঘাটন ও জড়িত আসামীদের দ্রুত গ্রেফতারের নির্দেশ প্রদান করা হয়।**

(২) পূর্বে সংঘটিত দক্ষিণখান থানার মামলাটির মডাস অপারেন্ডি পর্যালোচনা করার নির্দেশ প্রদান করা হয়।

(৩) মামলাটি ডিএমপি মনিটরিং সেলে অন্তর্ভূক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

১০। তেজগাঁও থানার মামলা নং ৩৭, তাং ২৬/০৩/১৮খ্রিঃ ধারাঃ ৩২৮/৩৭৯/৩০২/৩৪ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে পুলিশ পরিদর্শক (তদন্ত) জানান যে, অত্র মামলাটি অজ্ঞাতনামা আসামী কর্তৃক অটোরিক্সা চালককে নেশা জাতীয় দ্রব্য সেবন করিয়ে হত্যার ঘটনা। মামলা তদন্তে উল্লেখযোগ্য কোন অগ্রগতি নেই।

সিদ্ধান্ত ঃ **(১) ঘটনার মূল রহস্য উদঘাটন ও জড়িত আসামীদের দ্রুত গ্রেফতারের নির্দেশ প্রদান করা হয়।**

(২) জোনাল এসিদের নিজ নিজ এলাকায় অটোরিক্সা বন্ধের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার নির্দেশ প্রদান করা হয়।

(৩) মামলাটি ডিএমপি মনিটরিং সেলে অন্তর্ভূক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

১১। শেরেবাংলা নগর থানার মামলা নং ২৫, তাং ২০/০৩/১৮খ্রিঃ ধারাঃ ৩০২ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে তদন্তকারী কর্মকর্তা জানান যে, অত্র মামলাটি ভিকটিমকে ধারালো ছুরি দিয়ে নাভির নিচে আঘাত করে হত্যার ঘটনা। ঘটনায় জড়িত ০১ জন আসামীকে গ্রেফতার করা হয়েছে। সে বিজ্ঞ আদালতে ফৌঃ কাঃ বিঃ-১৬৪ ধারা মোতাবেক স্বীকারোক্তিমূলক জবানবন্দি প্রদান করেছে। হত্যাকান্ডে ব্যবহৃত ছুরি উদ্ধার করা হয়েছে।

সিদ্ধান্ত ঃ **(১) মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিস্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয়।**

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

১২। মিরপুর মডেল থানার মামলা নং ৫৭, তাং ২১/০৩/১৮খ্রিঃ ধারাঃ ১৮৬/৩৩২/৩৫৩/৩০৭/৩০২/৩৪ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে তদন্তকারী কর্মকর্তা জানান যে , অত্র মামলাটি সন্ত্রাসীদের সাথে বন্দুক যুদ্ধে ডিবি পুলিশ ইন্সপেক্টর জালাল উদ্দিন নিহত হওয়ার ঘটনা।

সিদ্ধান্ত ঃ **(১) মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিস্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয়।**

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, টিম লিডার ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

১৩। মিরপুর মডেল থানার মামলা নং ৫৯, তাং ২৩/০৩/১৮খ্রিঃ ধারাঃ ১৮৬/৩৩২/৩৫৩/৩০৭/৩০২/৩৪ পিসি।

আলোচনাঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে তদন্তকারী কর্মকর্তা জানান যে, অত্র মামলাটি ডিবি পুলিশের সাথে আসামীদের বন্দুক যুদ্ধের ঘটনা।

সিদ্ধান্ত ঃ **(১) মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিস্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয়।**

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, টিম লিডার ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

১৪। পল্লবী থানার মামলা নং ০৭, তাং ০২/০৩/১৮খ্রিঃ ধারাঃ ৩০২ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে জোনাল এসি জানান যে, অত্র মামলাটি স্বামী কর্তৃক স্ত্রীকে শ্বাসরোধ করে হত্যার ঘটনা। ঘটনায় জড়িত মূল আসামী ঘাতক স্বামীকে গ্রেফতার করা হয়েছে। সে বিজ্ঞ আদালতে ফৌঃ কাঃ বিঃ-১৬৪ ধারা মোতাবেক স্বীকারোক্তিমূলক জবানবন্দি প্রদান করেছে।

সিদ্ধান্ত ঃ **(১) মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিস্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয়।**

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

১৫। দারুসসালাম থানার মামলা নং ১৩, তাং ০৭/০৩/১৮খ্রিঃ ধারাঃ ৩০২/৩৪ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে তদন্তকারী কর্মকর্তা জানান যে, অত্র মামলার ঘটনায় জড়িত মূল ০২ জন আসামীকে গ্রেফতার করা হয়েছে। তারা বিজ্ঞ আদালতে ফৌঃ কাঃ বিঃ-১৬৪ ধারা মোতাবেক স্বীকারোক্তিমূলক জবানবন্দি প্রদান করেছে। ঘটনায় ব্যবহৃত ছুরি উদ্ধার করা হয়েছে।

সিদ্ধান্ত ঃ (১) মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিষ্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

১৬। দারুসসালাম থানার মামলা নং ১৭, তাং ০৯/০৩/১৮খ্রিঃ ধারাঃ ৩৯৪/৩০২/৩৪ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে তদন্তকারী কর্মকর্তা জানান যে, অত্র মামলাটি অজ্ঞতনামা আসামী কর্তৃক গ্যারেজের গ্রিল কেটে দারোয়ানকে হত্যা করে মোটরসাইকেল ছিনতাই করার ঘটনা। মামলার তদন্তে উল্লেখযোগ্য কোন অগ্রগতি নেই তবে মোটরসাইকেল উদ্ধার করা হয়েছে।

সিদ্ধান্ত ঃ (১) ঘটনায় জড়িত আসামীদের সনাক্ত করে দ্রুত গ্রেফতার করার নির্দেশ প্রদান করা হয়।
(২) মামলাটি ডিএমপি মনিটরিং সেলে অন্তর্ভূক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, টীম লীডার ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

১৭। দারুসসালাম থানার মামলা নং ৩৩, তাং ২১/০৩/১৮খ্রিঃ ধারাঃ ৩৯৯/৪০২/৩৩২/৩৫৩/৩০২/৩৪ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে জোনাল এসি জানান যে, অত্র মামলাটি র‌্যাবের সাথে বন্দুকযুদ্ধে আসামী নিহত হওয়ার ঘটনা।

সিদ্ধান্ত ঃ (১) মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিষ্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয় ।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ ও পুলিশ পরিদর্শক (তদন্ত) সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

১৮। কাফরুল থানার মামলা নং ১৩, তাং ০৯/০৩/১৮খ্রিঃ ধারাঃ ৩০২/৩৪ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে তদন্তকারী কর্মকর্তা জানান যে, অত্র মামলাটি অজ্ঞাতনামা আসামী কর্তৃক ভিকটিমকে হত্যার ঘটনা। মামলাটি ডিবি পশ্চিম বিভাগে হস্তান্তর করা হয়েছে।

সিদ্ধান্ত ঃ (১) ঘটনায় জড়িত আসামীদের সনাক্ত করে দ্রুত গ্রেফতার করার নির্দেশ প্রদান করা হয়।
(২) মামলাটি ডিএমপি মনিটরিং সেলে অন্তর্ভূক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ ও পুলিশ পরিদর্শক (তদন্ত) সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

১৯। গুলশান থানার মামলা নং ২৫, তাং ২১/০৩/১৮খ্রিঃ ধারাঃ ৩০২/২০১/৩৪ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে জোনাল এসি জানান যে, অত্র মামলাটি ০২ জন ভিকটিমকে চাকু দিয়ে আঘাত করে ও শ্বাসরোধ করে হত্যার ঘটনা। মামলার ঘটনায় ০৪জন আসামীকে গ্রেফতার করা হয়েছে। তারা বিজ্ঞ আদালতে ফৌঃ কাঃ বিঃ-১৬৪ ধারা মোতাবেক স্বীকারোক্তিমূলক জবানবন্দি প্রদান করেছে।

সিদ্ধান্ত ঃ (১) মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিষ্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয় ।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ ও পুলিশ পরিদর্শক (তদন্ত) সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

২০। বাড্ডা থানার মামলা নং ০৪, তাং ০১/০৩/১৮খ্রিঃ ধারাঃ ৩০২/৩৪ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে পুলিশ পরিদর্শক (তদন্ত) জানান যে, অত্র মামলাটি অজ্ঞাতনামা দুষ্কৃতিকারী কর্তৃক ভিকটিমকে মাথায় আঘাত করে হত্যা করার ঘটনা। ঘটনায় জড়িত আসামীদের চিহ্নিত করা হয়েছে। তাদের গ্রেফতারের অভিযান অব্যাহত রয়েছে।

সিদ্ধান্ত ঃ (১) ঘটনায় জড়িত আসামীদের সনাক্ত করে দ্রুত গ্রেফতার করার নির্দেশ প্রদান করা হয়।
(২) মামলাটি ডিএমপি মনিটরিং সেলে অন্তর্ভূক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

২১। ভাটারা থানার মামলা নং ২০, তাং ১২/০৩/১৮খ্রিঃ ধারাঃ ৩০২ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে তদন্তকারী কর্মকর্তা জানান যে, অত্র মামলাটি মাদকাসক্ত ছেলে কর্তৃক মা'কে হাতুড়ি দিয়ে মাথায় আঘাত করে হত্যার ঘটনা। ঘটনায় জড়িত মূল আসামীকে গ্রেফতার করা হয়েছে। সে বিজ্ঞ আদালতে ফৌঃ কাঃ বিঃ-১৬৪ ধারা মোতাবেক স্বীকারোক্তিমূলক জবানবন্দি প্রদান করেছে।

সিদ্ধান্ত ঃ (১) মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিস্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ ও পুলিশ পরিদর্শক (তদন্ত) সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

২২। উত্তরখান থানার মামলা নং ১৭, তাং ২০/০৩/১৮খ্রিঃ ধারাঃ ৪১৯/৩০২/১০৯/১১৪/৩৪ পিসি।

আলোচনা ঃ মামলা সংক্রান্তে আলোচনাকালে তদন্তকারী কর্মকর্তা জানান যে, অত্র মামলাটি এজাহারনামীয় আসামী কর্তৃক ভুয়া ক্লিনিক স্থাপন করে অবহেলা, অনভিজ্ঞতা ও অব্যবস্থাপনার দ্বারা শিশু মৃত্যুর ঘটনা। ঘটনায় জড়িত ০৫ জন এজাহারনামীয় আসামীর মধ্যে ০৪ জন আসামীকে গ্রেফতার করা হয়েছে।

সিদ্ধান্ত ঃ (১) ঘটনায় জড়িত পলাতক ক্লিনিকের মালিককে গ্রেফতার করার নির্দেশ প্রদান করা হয়।
(২) মামলাটি ডিএমপি মনিটরিং সেলে অন্তর্ভূক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

২৩। তুরাগ থানার মামলা নং ৪৪, তাং ৩০/০৩/১৮খ্রিঃ ধারাঃ ৩০২/৩৪ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে আলোচনাকালে তদন্তকারী কর্মকর্তা জানান যে, অত্র মামলাটি পুলিশের সাথে আসামীদের বন্দুকযুদ্ধের ঘটনা।

সিদ্ধান্ত ঃ (১) মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিস্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

২৪। দক্ষিণখান থানার মামলা নং ৫০, তাং ২৯/০৩/১৮খ্রিঃ ধারাঃ ৩৯৫/৩৯৭/৪১২ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে আলোচনাকালে পুলিশ পরিদর্শক (তদন্ত) জানান যে, অত্র মামলাটি ভিকটিমের পরিবারের সদস্যদের জিম্মি করে আগ্নেয়াস্ত্রের ভয় দেখিয়ে নগদ টাকা ও স্বর্ণালংকার ডাকাতির ঘটনা। ঘটনায় জড়িত ০৪ জন আসামীকে স্থানীয় জনতার সহায়তায় হাতে-নাতে গ্রেফতার করা হয়েছে। ০৪ জন আসামী বিজ্ঞ আদালতে ফৌঃ কাঃ বিঃ-১৬৪ ধারা মোতাবেক স্বীকারোক্তিমূলক জবানবন্দি প্রদান করেছে।

সিদ্ধান্ত ঃ (১) ডাকাত দলের মূল লিডার মিজানকে দ্রুত গ্রেফতার করার নির্দেশ প্রদান করা হয়।
(২)মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিস্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

২৫। রমনা মডেল থানার মামলা নং ০১, তাং ০১/০৩/১৮খ্রিঃ ধারাঃ ৩৯২ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে আলোচনাকালে তদন্তকারী কর্মকর্তা জানান যে, অত্র মামলাটি যাত্রীবেশে সিএনজিতে উঠে সিএনজি চালককে চাপাতির ভয় দেখিয়ে সিএনজি ছিনতাইয়ের ঘটনা। ঘটনায় জড়িত ০১ জন আসামী সহ ছিনতাইকৃত সিএনজিটি উদ্ধার করা হয়েছে।

সিদ্ধান্ত ঃ (১) ঘটনায় জড়িত পলাতক অন্যান্য আসামীদের সনাক্ত করে দ্রুত গ্রেফতার করার নির্দেশ প্রদান করা হয়।
(২) মামলাটি ডিএমপি মনিটরিং সেলে অন্তর্ভূক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

২৬। কলাবাগান থানার মামলা নং ০৭, তাং ২০/০৩/১৮খ্রিঃ ধারাঃ ৩৯২ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে তদন্তকারী কর্মকর্তা জানান যে, অত্র মামলাটি ভিকটিমের মোটরসাইকেলের গতিরোধ করে পিস্তল ও ছুরি দ্বারা প্রাণনাশের ভয় দেখিয়ে টাকা ছিনতাইয়ের ঘটনা। অত্র মামলা তদন্তে উল্লেখযোগ্য কোন অগ্রগতি নেই।

সিদ্ধান্ত ঃ (১) ঘটনায় জড়িত মূল আসামীদের সনাক্ত করে দ্রুত গ্রেফতার করার নির্দেশ প্রদান করা হয়।
(২) মামলাটি ডিএমপি মনিটরিং সেলে অন্তর্ভূক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

২৭। শাহবাগ থানার মামলা নং ১৪, তাং ০৬/০৩/১৮খ্রিঃ ধারাঃ ৩৯২ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে তদন্তকারী কর্মকর্তা জানান যে, অত্র মামলাটি অজ্ঞাতনামা দুষ্কৃতিকারী কর্তৃক ভিকটিমের গতিরোধ করে ভয়ভীতি প্রদর্শনপূর্বক মোবাইল ছিনতাইয়ের ঘটনা। অত্র মামলা তদন্তে উল্লেখযোগ্য কোন অগ্রগতি নেই।

সিদ্ধান্ত ঃ (১) ঘটনায় জড়িত আসামীদের সনাক্ত করে দ্রুত গ্রেফতার করার নির্দেশ প্রদান করা হয়।
(২) মামলাটি ডিএমপি মনিটরিং সেলে অন্তর্ভূক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

২৮। কলাবাগান থানার মামলা নং ০৫, তাং ১৫/০৩/১৮খ্রিঃ ধারাঃ ১৭০/৩৯৪ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে তদন্তকারী কর্মকর্তা জানান যে, অত্র মামলাটি ডিবি পুলিশ পরিচয়ে ভিকটিমকে জোরপূর্বক মাইক্রোবাসে উঠিয়ে টাকা ছিনতাইয়ের ঘটনা। ঘটনায় জড়িত ০১ জন আসামীকে গ্রেফতার করা হয়েছে। ছিনতাইকাজে ব্যবহৃত মাইক্রোবাসটি জব্দ করা হয়েছে।

সিদ্ধান্ত ঃ (১) ঘটনায় জড়িত অপর আসামীদের সনাক্ত করে দ্রুত গ্রেফতার করার নির্দেশ প্রদান করা হয়।
(২) মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিষ্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, টীম লীডার ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

২৯। খিলগাঁও থানার মামলা নং ১৭, তাং ০৭/০৩/১৮খ্রিঃ ধারাঃ ৩৯৪ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে তদন্তকারী কর্মকর্তা জানান যে, অত্র মামলাটি অজ্ঞাতনামা আসামী কর্তৃক পূর্ব হতে ভিকটিমের বাসায় অবস্থান করে নগদ টাকা ও মোবাইল ছিনতাইয়ের ঘটনা। মোটরসাইকেলের মালিকানা যাচাই করে ঘটনায় জড়িত ০১ জন আসামীকে গ্রেফতার করা হয়েছে। তার দেয়া স্বীকারোক্তিতে ঘটনায় জড়িত অপর ০২ জন আসামীর নাম ঠিকানা পাওয়া গেছে । তাদের গ্রেফতারের অভিযান অব্যাহত আছে। ঘটনায় ব্যবহৃত মোটরসাইকেল জব্দ করা হয়েছে।

সিদ্ধান্ত ঃ (১) ঘটনায় জড়িত অপর আসামীদের দ্রুত গ্রেফতার করার নির্দেশ প্রদান করা হয়।
(২) মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিষ্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

৩০। মুগদা থানার মামলা নং ২০, তাং ১৬/০৩/১৮খ্রিঃ ধারাঃ ৩৯৪ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে তদন্তকারী কর্মকর্তা জানান যে, অত্র মামলাটি অজ্ঞাতনামা আসামী কর্তৃক গেটের তালা ভেঙ্গে ভিতরে প্রবেশ করে সিকিউরিটিকে মারধর করে মোটরসাইকেল ছিনতাই করার ঘটনা। মামলার তদন্তে উল্লেখযোগ্য কোন অগ্রগতি নেই। মামলাটি ডিবিতে হস্তান্তরিত হয়েছে।

সিদ্ধান্ত ঃ (১) ঘটনায় জড়িত মূল আসামীদের দ্রুত গ্রেফতার ও মোটরসাইকেল উদ্ধার করার নির্দেশ প্রদান করা হয়।
(২) মামলাটি ডিএমপি মনিটরিং সেলে অন্তর্ভূক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

৩১। মোহাম্মদপুর থানার মামলা নং ৫৪, তাং ১৪/০৩/১৮খ্রিঃ ধারাঃ ৩৯২ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে তদন্তকারী কর্মকর্তা জানান যে, অত্র মামলাটি ভিকটিমকে ভয়ভীতি দেখিয়ে তার নিকটে থাকা মোবাইল ফোন ছিনতাইয়ের ঘটনা। মামলার ঘটনায় ০২ জন আসামীকে গ্রেফতার করা হয়েছে। তন্মধ্যে ০১ জন আসামী বিজ্ঞ আদালতে ফৌঃ কাঃ বিঃ-১৬৪ ধারা মোতাবেক স্বীকারোক্তিমূলক জবানবন্দি প্রদান করেছে।

সিদ্ধান্ত ঃ (১) মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিষ্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

৩২। খিলক্ষেত থানার মামলা নং ১২, তাং ১৯/০৩/১৮খ্রিঃ ধারাঃ ৩২৮/৩৯৪ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে তদন্তকারী কর্মকর্তা জানান যে, অত্র মামলাটি যাত্রীবেশে সিএনজিতে উঠে সিএনজি চালককে চোখে ঝাঝালো পদার্থ দিয়ে ও ধারালো অস্ত্রের ভয় দেখিয়ে সিএনজি ছিনতাইয়ের ঘটনা। ঘটনায় জড়িত ০৪ জন আসামী গ্রেফতারসহ ছিনতাইকৃত সিএনজিটি উদ্ধার করা হয়েছে।

সিদ্ধান্ত ঃ (১) মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিষ্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, টিম লিডার ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

৩৩। তুরাগ থানার মামলা নং ২৭, তাং ২০/০৩/১৮খ্রিঃ ধারাঃ ৩৯৪ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে পুলিশ পরিদর্শক (তদন্ত) জানান যে, অত্র মামলাটি অজ্ঞাতনামা আসামী কর্তৃক জানালার গ্রিল কেটে ভিকটিমের বাসায় প্রবেশ করে পরিবারের সবাইকে হাত, পা ও চোখ বেধে

নগদ টাকা ও স্বর্ণালংকার ছিনতাই করার ঘটনা। মামলার তদন্তে উল্লেখযোগ্য কোন অগ্রগতি নেই তবে দক্ষিণখান থানার মামলা নং ৫০(৩)১৮ এর আসামীদের অত্র মামলায় শোন এরেস্ট দেখানো হয়েছে।

সিদ্ধান্ত ঃ (১) **ঘটনায় জড়িত মূল আসামীদের সনাক্ত করে দ্রুত গ্রেফতার ও লুণ্ঠিত মালামাল উদ্ধার করার নির্দেশ প্রদান করা হয়।**
(২) **মামলাটি ডিএমপি মনিটরিং সেলে অন্তর্ভূক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়।**

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

৩৪। খিলগাঁও থানার মামলা নং ০৬, তাং ০৩/০৩/১৮খ্রিঃ ধারাঃ ৩৬৫/৩৪২/৩২৩/৩৮৫/৩৮৬/৩৪ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে তদন্তকারী কর্মকর্তা জানান যে, অত্র মামলার ঘটনায় হাতে-নাতে ০১ জন আসামীসহ মোট ০৬ জন আসামীকে গ্রেফতার করা হয়েছে। ভিকটিম উদ্ধার হয়েছে।

সিদ্ধান্ত ঃ (১) **মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিষ্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয়।**

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

৩৫। খিলগাঁও থানার মামলা নং ১৪, তাং ০৬/০৩/১৮খ্রিঃ ধারাঃ ৪৪৮/৩৮৫/৩২৩/৩৬৫/৫১১/৫০৬/৩৪ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে তদন্তকারী কর্মকর্তা জানান যে, অত্র মামলাটি প্রাথমিক তদন্তে মিথ্যা বলে প্রতিয়মান হয়েছে। মূলত অপহরণের কোন ঘটনা ঘটেনাই।

সিদ্ধান্ত ঃ (১) **মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিষ্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয়।**

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

৩৬। শেরেবাংলা নগর থানার মামলা নং ০৩, তাং ০৩/০৩/১৮খ্রিঃ ধারাঃ ১৪৩/৪৪৮/৩২৩/৩৬৫/৩৭৯ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে পুলিশ পরিদর্শক (তদন্ত) জানান যে, অত্র মামলার ঘটনায় ০২ জন আসামীকে গ্রেফতার করা হয়েছে। ভিকটিম উদ্ধার হয়েছে।

সিদ্ধান্ত ঃ (১) **মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিষ্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয়।**

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

৩৭। তেজগাঁও থানার মামলা নং ১৭, তাং ১২/০৩/১৮খ্রিঃ ধারাঃ ৩২৩/৩২৫/৩৬৫/৩৮৫/৩৮৭/৩৪ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে তদন্তকারী কর্মকর্তা জানান যে, অত্র মামলার ঘটনায় র‌্যাব কর্তৃক ০৯ জন আসামীকে গ্রেফতার ও ভিকটিমকে উদ্ধার করা হয়েছে।

সিদ্ধান্ত ঃ (১) **ঘটনায় জড়িত পলাতক অন্যান্য আসামীদের দ্রুত গ্রেফতার করার নির্দেশ প্রদান করা হয়।**
(২) **মামলাটি ডিএমপি মনিটরিং সেলে অন্তর্ভূক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়।**

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

৩৮। পল্লবী থানার মামলা নং ০৩, তাং ০১/০৩/১৮খ্রিঃ ধারাঃ ৩৬৫/৩৪২/৩২৩/৩৮৫/৩৮৬ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে তদন্তকারী কর্মকর্তা জানান যে, অত্র মামলার ঘটনায় সাগর ও সুমি নামক ০২ জন আসামী জড়িত। তাদের গ্রেফতার করার চেষ্টা অব্যাহত আছে।

সিদ্ধান্ত ঃ (১) **ঘটনায় জড়িত আসামীদের দ্রুত গ্রেফতার করার নির্দেশ প্রদান করা হয়।**
(২) **মামলাটি ডিএমপি মনিটরিং সেলে অন্তর্ভূক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়।**

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

৩৯। খিলগাঁও থানার মামলা নং ৫৬, তাং ২৩/০৩/১৮খ্রিঃ ধারাঃ নাঃশিঃনিঃদঃ আইন ২০০০ সংশোধনী ২০০৩ এর ৯(৩)/৩০

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে পুলিশ পরিদর্শক (তদন্ত) জানান যে, অত্র মামলাটি পিবিআই কর্তৃক তদন্তাধীন। ফলে এ বিষয়ে সভায় কোন আলোচনা হয়নি।

৪০। মুগদা থানার মামলা নং ২৪, তাং ১৭/০৩/১৮খ্রিঃ ধারাঃ নাঃশিঃনিঃদঃ আইন ২০০০ (সংশোধনী/০৩) এর ৯(৩)/৯(৪) (খ) সংশোধনী ২০০৩।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে পুলিশ পরিদর্শক (তদন্ত) জানান যে, অত্র মামলাটি এজাহারনামীয় আসামী কর্তৃক ভিকটিমকে গণধর্ষণ করার ঘটনা। মামলার ঘটনায় ০৩ জন আসামীকে গ্রেফতার করা হয়েছে।

সিদ্ধান্ত ঃ (১) **ভিকটিমের ডিএনএ প্রোফাইলিং না করায় সভায় অসন্তোষ প্রকাশ করা হয়।**
(২) **মামলাটি ডিএমপি মনিটরিং সেলে অন্তর্ভূক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়।**

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

৪১। দারুসসালাম থানার মামলা নং ০৫, তাং ০২/০৩/১৮খ্রিঃ ধারাঃ নাঃশিঃনিঃদঃ আইন ২০০০ (সংশোধনী/০৩) এর ৯(৪) (খ) ৯(৩)

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে পুলিশ পরিদর্শক (তদন্ত) জানান যে, অত্র মামলাটি এজাহারনামীয় আসামী কর্তৃক ভিকটিমকে গণধর্ষণ করার ঘটনা। মামলার ঘটনায় ০২ জন আসামীকে গ্রেফতার করা হয়েছে। তন্মধ্যে ০১ জন বিজ্ঞ আদালতে ফৌঃ কাঃ বিঃ-১৬৪ ধারা মোতাবেক স্বীকারোক্তিমূলক জবানবন্দি প্রদান করেছে।

সিদ্ধান্ত ঃ (১) ভিকটিমের ডিএনএ প্রোফাইলিং না করায় সভায় অসন্তোষ প্রকাশ করা হয়।
(২) মামলাটি ডিএমপি মনিটরিং সেলে অন্তর্ভূক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকল সদস্যকে মামলা তদন্তের পাশাপাশি আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্থিতিশীল রাখার জন্য আন্তরিকভাবে কাজ করার নির্দেশনা প্রদান করেন। এছাড়া আরো ভালভাবে মামলা তদন্তে মনোনিবেশ করার পরামর্শ দেন। বিভিন্ন মামলা পর্যালোচনায় দেখা যায়, মামলার ভিকটিম অথবা আসামী মাদকের সাথে জড়িত। তাই মাদক নির্মূলে জিরো টলারেন্স নীতি গ্রহণের নির্দেশ প্রদান করা হয়। থানা এলাকায় ব্যাটারি চালিত অটোরিক্সা বন্ধের প্রয়োজনীয় ব্যাবস্থা গ্রহণের জন্য জোনাল এসিদের নির্দেশ প্রদান করা হয়। ধর্ষণ মামলার ক্ষেত্রে ভিকটিমের ভ্যাজাইনাল সোয়াব সংরক্ষণ ও ডিএনএ প্রোফইলিং করার জন্য পরামর্শ প্রদান করা হয়। যে সকল মামলাগুলির রহস্য এখন পর্যন্ত উদঘাটিত হয়নি সে সকল মামলাগুলির রহস্য অতি শীঘ্রই/উদঘাটন করার লক্ষ্যে সকলকে আন্তরিকতার সহিত কাজ করার নির্দেশ প্রদান করা হয়। রমনা/লালবাগ/মতিঝিল/ওয়ারী/গুলশান/মিরপুর/তেজগাঁও/উত্তরা বিভাগে গত **মার্চ**/১৮খ্রিঃ মাসে রুজুকৃত খুন, ডাকাতি, দস্যুতা, অপহরণ ও গণধর্ষণ মোট ৪১ টি মামলা সম্পর্কে আলোচনা হয়। তন্মধ্যে ১৫ টি মামলা ডিএমপি মনিটরিং সেলের অন্তর্ভুক্ত করা হয়। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত/-
অতিরিক্ত পুলিশ কমিশনার (ক্রাইম এন্ড অপস্)
ঢাকা মেট্রোপলিটন পুলিশ, ঢাকা।
ও
সভাপতি
মামলা তদন্ত মনিটরিং কমিটি

স্মারক নং-ডিএমপি (সংদঃ)/অপরাধ/মঃ সেল/৩৯-২০১৮/অংশ-৪/ তারিখ- -০৪-২০১৮খ্রিঃ।

অনুলিপি প্রেরণ করা হলো ঃ

১। উপ-পুলিশ কমিশনার (রমনা/লালবাগ/মতিঝিল/ওয়ারী/গুলশান/মিরপুর/তেজগাঁও/উত্তরা/ডিবি-উত্তর/পশ্চিম/পূর্ব/দক্ষিণ/সিরিয়াস ক্রাইম/অপরাধতথ্য ও প্রসিকিউশন) বিভাগ, ডিএমপি, ঢাকা।
২। এসি (রমনা/ধানমন্ডি/নিউমার্কেট/ওয়ারী/ডেমরা/খিলগাঁও/সবুজবাগ/লালবাগ/কোতয়ালী/বাড্ডা/গুলশান/পল্লবী/মিরপুর/দারুসসালাম/তেজগাঁও/মোহাম্মদপুর/উত্তরা/দক্ষিণখান) ডিএমপি, ঢাকা।
(১–২: **অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য।**)
৩। পি এ টু পুলিশ কমিশনার, ডিএমপি, ঢাকা।
৪। পি এ টু অতিঃ পুলিশ কমিশনার (ক্রাইম এন্ড অপস্), ডিএমপি, ঢাকা।
৫। পি এ টু যুগ্ম-পুলিশ কমিশনার (ক্রাইম/ডিবি), ডিএমপি, ঢাকা।
(৩–৫: **অবগতির জন্য।**)
৭। অফিস নথি।

(শেখ নাজমুল আলম, বিপিএম-বার,পিপিএম-বার **)**
বিপি-৬৫৯৮০০৯৩২২
যুগ্ম পুলিশ কমিশনার (ক্রাইম)
কমিশনারের পক্ষে
ঢাকা মেট্রোপলিটন পুলিশ, ঢাকা।
ফোন-৯৩৫৬৪৭২, ফ্যাক্স-৮৩১৮২১০
ই-মেইল ঃ jccrime@dmp.gov.bd